দৈনিক
কিলাব

তারিখ ..... 8 MAY 2003

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## শাখা-১০

তারিখ ঃ ০৪-৫-২০০৩

নং-শিম/শাঃ১০/৯(প্রশিক্ষণ-২/ষ্টাইপেন্ড/২০০২/২৯০

# বিজ্ঞপ্তি

**বিষয় ঃ শহীদ জিয়াউর রহমান আইসিটি স্কলারশীপ প্রদানের নিমিত্তে দরখাস্ত আহ্বান।**

দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে সরকার শহীদ জিয়াউর রহমান আইসিটি স্কলারশীপ প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিভিন্ন স্তরের মেধাবী কম্পিউটার বিজ্ঞান শিক্ষার্থীদের প্রদেয় বৃত্তির হার, বৃত্তির সংখ্যা ও আবেদনকারীগণের প্রয়োজনীয় যোগ্যতা নিম্নে উল্লেখ করা হলো ঃ

| বৃত্তির স্তর ও প্রযোজ্য শিক্ষা প্রতিষ্ঠান | বৃত্তির সংখ্যা | বৃত্তির মাসিক হার | আবেদনের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা | যে ঠিকানায় আবেদন পৌছাতে হবে |
|---|---|---|---|---|
| **মাধ্যমিক স্তর ঃ** (ক) স্কুল পর্যায়ে | ৬টি বিভাগে ৬টি বৃত্তি | ৩০০/- | (ক) ন্যূনতম ৭০% নম্বরসহ অষ্টম শ্রেণী<br>(খ) নবম শ্রেণীতে কম্পিউটার বিজ্ঞান থাকতে হবে।<br>(গ) ৩১-০৩-২০০৩ তারিখ পর্যন্ত চলতি বছরে ৮০% ক্লাসে উপস্থিত থাকতে হবে। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| (খ) মাদ্রাসা পর্যায়ে | ৬টি বিভাগে ৬টি বৃত্তি | ৩০০/- | | |
| (গ) ভিটিআই | সারাদেশে ০২টি বৃত্তি | ৩০০/- | | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| **উচ্চ মাধ্যমিক স্তর ঃ** (ক) এইচএসসি | ৬টি বিভাগে ৬টি বৃত্তি | ৪০০/- | (ক) বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৪সহ এসএসসি পাস<br>(খ) উচ্চ মাধ্যমিক স্তরে পাঠ্য বিষয় হিসেবে কম্পিউটার থাকতে হবে।<br>(গ) শ্রেণীকক্ষে উপস্থিতি ৮০% হতে হবে। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| (খ) পলিটেকনিক. | ৬টি বিভাগে ৬টি বৃত্তি | ৫০০/- | (ক) বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৪সহ এসএসসি পাস<br>(খ) যে কোন পলিটেকনিক ইনস্টিটিউটে ডিপ্লোমা ইন-কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ অধ্যয়নরত হতে হবে।<br>(গ) শ্রেণীকক্ষে উপস্থিতি ৮০% হতে হবে। | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| **স্নাতক পর্যায়ে ঃ** (ক) জাতীয় বিশ্ববিদ্যালয় | ৫টি ডিগ্রী কলেজ পর্যায়ের ছাত্র | ১০০০/- | (ক) ন্যূনতম ৬০% নম্বরসহ উচ্চ মাধ্যমিক পাস হতে হবে।<br>(খ) কম্পিউটার বিষয়ে সম্মান/ইঞ্জিনিয়ারিং শ্রেণীতে অধ্যয়নকারীগণ আবেদন করতে পারবেন। | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা। |
| (খ) পাবলিক বিশ্ববিদ্যালয় | ১টি (প্রতিটি বিশ্ব বিদ্যালয়ের জন্য) | ১০০০/- | | |
| (গ) প্রাইভেট বিশ্ববিদ্যালয় | ১০টি | ১০০০/- | | |
| (ঘ) বিআইটিসমূহে | ০৪টি | ১০০০/- | | |

২। নিম্নোক্ত তথ্যসহ সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে স্বহস্তে লিখিত আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশসহ আগামী ১৫-৬-২০০৩ তারিখের মধ্যে উপরোক্ত নির্ধারিত স্থানে ডাকযোগে পৌছাতে হবে

(ক) প্রার্থীর নাম-
(খ) পিতার নাম-
(গ) মাতার নাম-
(ঘ) বর্তমান ঠিকানা-
(ঙ) স্থায়ী ঠিকানা-
(চ) জন্ম তারিখ-
(ছ) বয়স-
(জ) জাতীয়তা-
(ঝ) বর্তমানে যে প্রতিষ্ঠানে অধ্যয়নরত তার ঠিকানা-

| প্রতিষ্ঠানের নাম | শ্রেণী/বর্ষ/সেমিস্টার | শাখা/বিভাগ | রোল নং |
|---|---|---|---|
| | | | |

(ঞ) পরীক্ষা পাসের বিবরণ ঃ

| পরীক্ষার নাম | পাসের সন | অর্জিত শ্রেণী/প্রাপ্ত জিপিএ | প্রাপ্ত নম্বরের শতকরা হার | বোর্ড/শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| | | | | |

(ট) যে স্তর/কোটার জন্য বৃত্তির আবেদন করা হচ্ছে তার নাম-

৩। আবেদনপত্রের সাথে-

(ক) জাতীয়তা সনদপত্র।
(খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/(বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বিভাগীয় প্রধান) কর্তৃক মোট ক্লাস সংখ্যা ও উপস্থিত ক্লাস সংখ্যা উল্লেখপূর্বক উপস্থিতির হার সংক্রান্ত সনদপত্র।
(গ) মাধ্যমিক স্তরের বৃত্তির আবেদনের ক্ষেত্রে অষ্টম শ্রেণী পাসের নম্বরপত্রের সত্যায়িত কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।
(ঘ) এসএসসি/এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত কপি।

শরিফ মোঃ মাসুদ
সিনিয়র সহকারী সচিব।
ফোন ঃ ৭১৬২৪৮৩

ডিএফপি-১১৩৩২-৫/৫
জি-৩৩২৮/০৩(১০″X৩)